

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
প্রশাসন-০১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকরণের লক্ষ্যে ১২.১২.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ড. মোঃ আবুল হোসেন  
যুগ্মসচিব (ক্রীড়া-২ অনুবিভাগ) ও সেবা প্রদান প্রতিশ্রুতি  
সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।  
তারিখ : ১২ ডিসেম্বর ২০২৩ খ্রি.  
সময় : সকাল ১১.০০ টা  
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।  
উপস্থিতি : পরিশিষ্ট ক।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সেবা গ্রহীতা যাতে নির্ধারিত সময়ের মধ্যে কাঙ্ক্ষিত সেবা সহজে পায় সে জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন। সে পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০২। অতঃপর বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্তসমূহ:**

- (ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতিতে সেবার আবেদন ফরম অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবামূল্য, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবি, ফোন, মোবাইল এবং ই-মেইল নম্বরসহ সেবা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি অন্তর্ভুক্ত করে হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
  - (খ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতিতে ফোকাল পয়েন্ট, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য হালনাগাদ করতে হবে।
  - (গ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে ১৮.১২.২০২৩ খ্রি. তারিখের মধ্যে স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করে মন্ত্রণালয়কে প্রতিবেদন প্রেরণ করতে হবে।
  - (ঘ) প্রত্যেক দপ্তর/সংস্থার স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতিতে নাগরিক সেবা, দাপ্তরিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা প্রাপ্তির নিমিত্ত যে সকল ক্ষেত্রে আবেদন প্রয়োজন সে সকল ক্ষেত্রে আবেদন ফরমের লিংক যুক্ত করতে হবে।
  - (ঙ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে আবেদনপত্রের সঙ্গে যে সকল প্রয়োজনীয় তথ্য/উপাত্ত থাকা প্রয়োজন তা সুস্পষ্টভাবে উল্লেখ করা এবং চাহিত কাগজপত্রের ধরণ (যেমন: সত্যায়িত/ ফটোকপি/কপির সংখ্যা) সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।
  - (চ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভার আয়োজন করতে হবে। আওতাধীন দপ্তর সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন ১৮.১২.২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে হবে।
  - (ছ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ৩১.১২.২০২৩ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
- ০৩। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-  
(ড. মোঃ আবুল হোসেন)  
যুগ্মসচিব (ক্রীড়া-২ অনুবিভাগ)  
ও  
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট  
কর্মকর্তা  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংক্রমণ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দু:আ: যুগ্মসচিব, সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা)
২. মহাপরিচালক (খ্রুড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, শেখ হ সিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৫. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
৯. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াপেবী কলাগণ ফাউন্ডেশন, ঢাকা।
১২. উপসচিব (বাজেট ও এপিএ সংক্রান্ত ফোকাল পয়েন্ট), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেব বক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(দীপ্তিময়ী জামান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-২২৩৩৫৫৫০৭

ই-মেইল: [sas.admin1@moysports.gov.bd](mailto:sas.admin1@moysports.gov.bd)